দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 11 JUN 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# বেসরকারী ভার্সিটির অননুমোদিত ক্যাম্পাসে ভর্তির ক্ষেত্রে ইউজিসির সতর্কবাণী

স্টাফ রিপোর্টার ॥ বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাস ও প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থী ও অভিভাবকদের সতর্ক থাকতে বলেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এছাড়াও সংস্থাটি বিদেশী যে কোন বিশ্ববিদ্যালয়ের স্ট্যাডি সেন্টারে ভর্তির ক্ষেত্রেও একইভাবে সাবধান থাকতে পরামর্শ দিয়েছে। এ সংক্রান্ত একটি গণবিজ্ঞপ্তি জারি করেছে কমিশন। ইউজিসির বেসরকারী বিশ্ববিদ্যালয় শাখার কর্মকর্তারা জানান, গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এ ধরনের বিশ্ববিদ্যালয় বা ক্যাম্পাসে কোন ছাত্রছাত্রী ভর্তি হয়ে যাতে প্রতারিত না হয়, সেজন্য এ পদক্ষেপ। এরপরও 'কেউ যদি চিহ্নিত বিশ্ববিদ্যালয় বা তার ক্যাম্পাসে ভর্তি হয়, তাহলে তার দায়দায়িত্ব সরকারের নয়। কর্মকর্তারা বলেন, বিদেশী কোন বিশ্ববিদ্যালয়ের অনুমোদনও এখন পর্যন্ত সরকার দেয়নি। তাই শিক্ষার্থীরা যেন এ ধরনের কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হয়, সে পরামর্শও আমাদের থাকবে।

গণবিজ্ঞপ্তিতে ইউজিসি বলছে, দেশের বেশকিছু বেসরকারী বিশ্ববিদ্যালয় অননুমোদিত ক্যাম্পাস ও প্রোগ্রাম পরিচালনা করছে মর্মে কমিশনের দৃষ্টিগোচর হয়েছে। এছাড়া কয়েকটি বিশ্ববিদ্যালয়ে বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব রয়েছে এবং পরস্পরের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করে স্টে-অর্ডার নিয়ে পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে কমিশন ওই সকল বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করছে। গত বছরের শেষে এক আরেক গণবিজ্ঞপ্তিতে ইউজিসি দেশের ১১ বেসরকারী বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে সতর্ক থাকতে বলা হয়েছিল। ১১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৬টি ক্যাটাগরি তুলে ধরা হয়। এর মধ্যে একটি ক্যাটাগরি হচ্ছে আউটার ক্যাম্পাস পরিচালনাকারী।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................
পরিসংখ্যান বিভাগ
ড.এল.পি বিভাগ
এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর